# ঢাকা, যশোর, সিলেট, দিনাজপুর বোর্ড-২০১৮

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ রফিক সিডরে মারা যাওয়ায় তার পরিবার অতিকষ্টে জীবন-যাপন করছে। পরিবারের সদস্য সংখ্যা বেশি হওয়ায় রফিকের ছেলেমেয়েদের লেখাপড়া চলে না। এমন কি স্বাস্থ্যহীনতা ও পুষ্টিহীনতারও শিকার হচ্ছে। উপরন্তু দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে সংসারের ব্যয়ভার মেটানো সম্ভব হচ্ছে না।

ক. Common Human Needs গ্রন্থের লেখক কে? ১

খ. মৌল মানবিক চাহিদা হিসেবে শিক্ষার গুরুত্ব লিখ। ২

গ. উদ্দীপকে উল্লেখিত রফিকের পরিবারে মৌল মানবিক চাহিদা পূরণে ব্যর্থতা থেকে কী কী সমস্যা সৃষ্টি হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত সমস্যাসমূহ মোকাবেলায় সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধর। ৪

**২.** ▶ বাংলাদেশে এখন আর ঋতু বৈচিত্র্যের স্বাদ পরিপূর্ণভাবে উপভোগ করা যায় না। কখনো অতিবৃষ্টি, কখনো অনাবৃষ্টি জনজীবনে দুর্ভোগ ডেকে আনছে। ফি বছর পাহাড়ি ঢলে প্লাবিত হচ্ছে অনেক অঞ্চল। সর্বোপরি কলকারখানার বিষাক্ত ধোঁয়া নির্মল আকাশকে করছে কলুষিত। নদী ভাঙনের কবলে পড়ে বিলীন হয়ে যাচ্ছে অনেক আবাদী জমি।

ক. CFC এর পূর্ণরূপ কী? ১

খ. জীববৈচিত্র্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত পরিবেশগত ভারসাম্যহীনতার কারণ পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত উক্ত সমস্যা মোকাবিলায় একজন সমাজকর্মীর ভূমিকা কী হতে পারে? ব্যাখ্যা কর। ৪

**৩.** ★ রহিমা ভীষণ অসুস্থ। সমাজকর্মী কণা তাকে একটি হাসপাতালে ভর্তি করিয়ে দেন। তার সহায়তায় রহিমার বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা হয়। কণা হলো ঐ হাসপাতালের সমাজসেবা বিভাগের একজন দায়িত্বপ্রাপ্ত অফিসার। এজন্য এ কাজ করা তার জন্য সহজ হয়েছে।

ক. 'Kline' শব্দের উৎপত্তি কোন ভাষা হতে? ১

খ. প্রবীণকল্যাণ সমাজকর্ম বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত কণার কার্যক্রম সমাজকর্মের কোন শাখাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কণা সংশ্লিষ্ট শাখার একজন সমাজকর্মী হিসেবে আর কী কী ভূমিকা পালন করতে পারে? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

**৪.** ★ ১৯৭৬ সালে আমাদের দেশে যেটিকে এক নম্বর সমস্যা হিসেবে ঘোষণা করা হয়েছে সেটির প্রতিকার ও প্রতিরোধের ক্ষেত্রে যে কোনো ব্যবস্থাই গ্রহণ করা হোক না

https://teachingbd24.com

কেন তা কোনো সুফল বয়ে আনছে না বলে মনে হচ্ছে। ভয়ানক এ সমস্যাটি একদিকে যেমন নতুন নতুন সমস্যার জন্ম দিচ্ছে অপরদিকে তেমনি বিদ্যমান প্রায় সব সমস্যার পিছনে ইন্ধন যোগাচ্ছে।

ক. এইডস্ কী? ১

খ. "সামাজিক সমস্যা সমাজ থেকে উদ্ভূত।"— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে যে বিশেষ সমস্যাটিকে ইঙ্গিত করা হয়েছে আমাদের সামাজিক জীবনে তার কুপ্রভাব বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে সমস্যাটির সমাধান করা গেলে অনেক সমস্যারই সমাধান করা সম্ভব— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. দিবা অষ্টম শ্রেণির ছাত্রী। সে JSC পরীক্ষার জন্য ফরম ফিলাপ করেছে। কিন্তু পরীক্ষার সময় স্বামী ও অভিভাবকগণ পরীক্ষা দিতে বারণ করায় পরীক্ষা দিতে পারে নাই। যার ফলশ্রুতিতে দিবার লেখাপড়া বন্ধ হয়ে যায়। এটি একটি সামাজিক অপ্রত্যাশিত অবস্থা।

ক. গ্রিক Problema শব্দের অর্থ কী? ১

খ. যৌতুক একটি সামাজিক ব্যাধি— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত ঘটনাটি তোমার পাঠ্যবইয়ের কোন সমস্যার সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ. উক্ত ঘটনাটি নিরসনের জন্য যে আইন প্রণয়ন করা হয়েছে তা যথার্থ কিনা তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৬. ▶ বিয়ের পর অনেক আশা করে রিমি শ্বশুরবাড়ি এসেছিল। তার স্বামী গাঁজা আর ফেনসিডিল ব্যবসার সাথে জড়িত। প্রায়ই সে নেশাগ্রস্ত হয়ে রাতে এসে রিমির উপর ভীষণ অত্যাচার নির্যাতন চালায়।


ক. আইনানুযায়ী এ দেশের মেয়েদের বিবাহের সর্বনিম্ন বয়স কত? ১

খ. সামাজিক আইন বলতে কী বোঝ? ২

গ. স্বামীর অত্যাচার নির্যাতনের জন্য সুবিচার পেতে যে আইনের সাহায্য রিমি গ্রহণ করতে পারে তার প্রধান ধারা বর্ণনা কর। ৩

ঘ. রিমির অত্যাচারী স্বামীর ব্যবসার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে প্রযোজ্য আইনের কার্যকারিতা বাংলাদেশের সাপেক্ষে মূল্যায়ন কর। ৪

৭. নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও—




ক. পরিবার কী? ১

খ. সামাজিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. ছকের প্রশ্নবোধক (?) স্থানে উপযুক্ত শব্দ বসিয়ে সামাজিক সমস্যা প্রতিরোধে এর ভূমিকা বর্ণনা কর। ৩

https://teachingbd24.com

ঘ. ছকের প্রশ্নবোধক (?) চিহ্নিত স্থানে মানানসই প্রত্যয়টির ভূমিকা উন্নয়নে সমাজকর্মীর হস্তক্ষেপ কী হতে পারে? ৪

৮. ★ গ্রামের ছিন্নমূল অসহায় মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ১৯৭৪ সালে একটি পরীক্ষামূলক কর্মসূচি বাস্তবায়ন করা হয়। যা বর্তমানে ৪৮৫টি উপজেলায় বিদ্যমান রয়েছে। এর লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে গ্রামে বসবাসরত জনগণের জীবনমান উন্নয়ন করা।

ক. মানবাধিকার কী? ১

খ. কিশোর আদালত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত কর্মসূচিটির কার্যক্রম বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের গ্রামীণ উন্নয়নে উদ্দীপকের ৪৮৫টি উপজেলায় বাস্তবায়িত কার্যক্রমটির কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৯. ▶ ১৯৭৬ সালে চট্টগ্রামের একটি গ্রাম থেকে ক্ষুদ্র ঋণদাতা সংস্থা হিসেবে যাত্রা শুরু করলেও বর্তমানে তা বিশ্বের সর্ববৃহৎ ক্ষুদ্র ঋণদাতা সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। ক্ষুদ্র ঋণের মাধ্যমে বাংলাদেশের দারিদ্র্য বিমোচন এবং নারীদের আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে ভূমিকা রাখার জন্য প্রতিষ্ঠানটি নোবেল পুরস্কার লাভ করে।

ক. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. ক্ষুদ্র ঋণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রতিষ্ঠানটির কার্যক্রম তোমার পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কি দারিদ্র্য বিমোচনে কোনো অবদান রাখছে? মতামত বিশ্লেষণ কর। ৪

১০. ★ 'বিশ্বব্যাপী অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে আর্থিক ও কারিগরি সাহায্যদানকারী একটি সংস্থা, ১৯৬৬ সালের ১লা জানুয়ারিতে গঠন করা হয়। বর্তমানে এই সংস্থাটি বিশ্বের ১৭৭টি দেশে এর কার্যক্রম রয়েছে। বাংলাদেশের উন্নয়নে বিভিন্ন প্রকল্প, যেমন— কৃষি, বনায়ন, বিদ্যুৎ, শিক্ষা ও প্রশিক্ষণ, অর্থনৈতিক পরিকল্পনা প্রভৃতি বাস্তবায়নে প্রত্যক্ষভাবে আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে আসছে।

ক. UCEP এর পূর্ণরূপ কী? ১

খ. ইউনিসেফের দুটি উদ্দেশ্য লিখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত জাতিসংঘের বিশেষ সংস্থাটির উদ্দেশ্য পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিপন্ন মানুষের কল্যাণে গঠিত সংগঠনটির ভূমিকা বাংলাদেশের সাপেক্ষে মূল্যায়ন কর। ৪

১১. ★ করিম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্মের সম্মান শ্রেণির ছাত্র। তাত্ত্বিক কোর্স শেষে সে ব্যবহারিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে। সমাজকর্ম অনুশীলনের জন্য তাকে পাঠানো হয় মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে। সে তার অধীন মাদকাসক্ত রোগীদের যথাযথ মূল্য ও মর্যাদা দেয়। সে তার প্রতিষ্ঠানের সম্পদের ব্যবহার নিশ্চিত করে রোগীদের সেবা করে।

ক. মাঠকর্ম কী? ১

খ. কেস ম্যানেজমেন্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত নীতি ব্যতীত একজন প্রশিক্ষণার্থী হিসেবে করিম আর কী কী নীতি অনুসরণ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজকর্মের একজন শিক্ষার্থী হিসেবে করিমের ভবিষ্যৎ পেশাগত জীবনে মাঠকর্মের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭২

সময়- ৩০ মিনিট | বহুনির্বাচনি প্রশ্ন | পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. সমাজকর্মের বিশেষায়িত শাখা হচ্ছে—**

i. চিকিৎসা সমাজকর্ম
ii. বিদ্যালয় সমাজকর্ম
iii. ব্যক্তি সমাজকর্ম

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২. মাঠকর্ম অনুশীলন শুরু হয় কখন?**

ক) ১৯০০ সালে খ) ১৯২০ সালে
গ) ১৯৪০ সালে ঘ) ১৯৬০ সালে

**৩. 'Dictionary of Social Work' গ্রন্থটির রচয়িতা কে?**

ক) রবার্ট এল বার্কার খ) পি.বি. হর্টন
গ) এল কে ফ্রাঙ্ক ঘ) ডেভিড ড্রেসলার

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

লতিফ মিয়া এক সময় অনেক জমির মালিক থাকলেও বর্তমানে তার পরিবারে অভাব অনটন লেগেই আছে। সন্তানদের মধ্যে জমিজমা ভাগ হয়ে যাওয়ায় কৃষি জমিতে গড়ে উঠেছে বসতবাড়ি। ফলে উৎপাদন পূর্বের তুলনায় অনেক কমে এসেছে। ★

**৪. লতিফ মিয়ার সন্তানদের পরিবারে কোনটির প্রভাব লক্ষণীয়?**

ক) নিরক্ষরতা খ) বেকারত্ব
গ) মাদকাসক্তি ঘ) জনসংখ্যাস্ফীতি

**৫. উক্ত বিষয়টির প্রভাবে লতিফ মিয়ার পরিবারের সদস্যদের মধ্যে দেখা দিবে—**

i. মৌল মানবিক চাহিদা পূরণে ঘাটতি
ii. অপরাধের সাথে সম্পৃক্ত হওয়ার সম্ভাবনা
iii. সার্বিক নিরাপত্তাহীনতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. সামাজিক সমস্যার বৈশিষ্ট্য কোনটি?**

ক) অসম সাংস্কৃতিক পরিবর্তন
খ) বাস্তবমুখী নীতির অভাব
গ) শিল্পায়ন ও নগরায়ণের প্রভাব
ঘ) আদর্শ ও মূল্যবোধের পরিপন্থী

**৭. ★ জব্বার মিয়া গৃহহীন। তাই তাকে শায়েস্তাগঞ্জ উপজেলার একটি সরকারি প্রকল্পের খাস জমিতে বাসগৃহ প্রদান করা হয়েছে। এটি সরকার কর্তৃক গৃহীত কোন প্রকল্প?**

ক) ক্ষুদ্র তহবিল প্রকল্প
খ) সকলের জন্য গৃহ নির্মাণ প্রকল্প
গ) আশ্রয়ণ প্রকল্প
ঘ) একটি বাড়ি একটি খামার প্রকল্প

**৮. শিপু বিবাহ করে ছোট একটি ঘর ভাড়া নিয়ে সস্ত্রীক সংসার শুরু করলেন। এভাবেই তৈরি হলো তাদের ছোট পরিবার। এখানে বিবাহ ও পরিবারকে কী বলা যায়?**

ক) সংগঠন খ) প্রতিষ্ঠান
গ) গোষ্ঠী ঘ) দল

**৯. ★ গ্রামীণ ব্যাংক ভূমিহীনদের ঋণ প্রদান করে কীভাবে?**

ক) জমি প্রদানের মাধ্যমে
খ) জমি বর্গাদানের মাধ্যমে
গ) জমি বন্ধক নেয়ার মাধ্যমে
ঘ) বিনা জামানতে

**১০. গলগণ্ড রোগ হয় কীসের অভাবে?**

ক) ভিটামিন-এ খ) ভিটামিন-বি
গ) ভিটামিন-সি ঘ) আয়োডিন

**১১. ★ 'Common Human Needs' গ্রন্থের লেখক কে?**

ক) Robert L. Barker খ) Charlotte Towle
গ) Jerry & Jerry ঘ) R. M. MacIver

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**

মোহন মিয়া অর্থ সম্পদশালী একজন প্রবীণ ব্যক্তি। তার চার ছেলে সবাই উচ্চ শিক্ষিত হয়ে দেশের বিভিন্ন শহরে চাকরিজনিত কারণে অবস্থান করছেন। তাই জীবন সায়াহ্নে এসে মোহন মিয়া তার স্ত্রীকে নিয়ে বাধ্য হয়ে গ্রামের স্থায়ী নিবাসে বসবাস করছেন।

**১২. উদ্দীপকের মোহন মিয়ার নিরাপত্তাহীনতার জন্য দায়ী—**

ক) উচ্চ শিক্ষা ব্যবস্থা খ) ত্রুটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা
গ) শিল্পায়ন ও শহরায়ন ঘ) মূল্যবোধের দ্বন্দ্ব

**১৩. মোহন মিয়ার মত প্রবীণদের জন্য একজন সমাজকর্মীর করণীয়—**

i. মানসিক সমর্থন প্রদান করা
ii. সন্তানদের উপযুক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা করা
iii. বাস্তবতাকে মেনে নেয়ার আহ্বান জানানো

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. ★ বাংলাদেশে আন্তর্জাতিক সংস্থার অনুপ্রবেশ ঘটেছিল কেন?**

ক) জাতিসংঘের ইচ্ছা বাস্তবায়নে
খ) রাজনৈতিক কৌশলের অংশ হিসেবে
গ) যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনে
ঘ) সামাজিক ব্যবস্থার কৌশল হিসেবে

Teachingbd24.com

১৫. আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস কোনটি?
ক) ১৩ জুন  খ) ১৪ জুন
গ) ১৫ জুন  ঘ) ১৬ জুন

১৬. ★ সমাজকর্ম অনুশীলনের ক্ষেত্রে পেশাগত প্রশিক্ষণের উপর সর্বপ্রথম গুরুত্বারোপ করেন কে?
ক) এনা এল ডয়েস  খ) মেরি রিচমন্ড
গ) এডওয়ার্ড স্কেন  ঘ) এন্ড্রু ডিভাইস

১৭. সামাজিক সমস্যার কারণ হলো—
i. মৌল মানবিক চাহিদার অপূরণ
ii. জনসংখ্যাস্ফীতি
iii. সম্পদের অসম বণ্টন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৮. ★ বাংলাদেশে সর্বপ্রথম সমাজকর্মের বাস্তব প্রয়োগ ঘটে কোন পরীক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে?
ক) ঢাকা প্রজেক্ট
খ) ভি-এইড
গ) হাসপাতাল সমাজসেবা
ঘ) কারিগরি সহায়তা কর্মসূচি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**
রুবেল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের একটি যুগোপযোগী বিষয়ে পড়াশোনা করে। তার পঠিত বিষয় অনার্স ও মাস্টার্স শ্রেণিতে তাকে একটি নির্দিষ্ট সময়ের জন্য বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানে তাত্ত্বিক জ্ঞান বাস্তবে অনুশীলন করতে হয়।

১৯. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের সাথে মিল রয়েছে কোন বিষয়ের?
ক) অর্থনীতি  খ) নৃ-বিজ্ঞান
গ) সমাজকর্ম  ঘ) রাষ্ট্রবিজ্ঞান

২০. উদ্দীপকে বর্ণিত অনুশীলন কাজের মাধ্যমে শিক্ষার্থীদের অর্জিত হয়—
i. পেশাগত দক্ষতা
ii. পেশাগত দায়িত্ব পালনে সক্ষমতা
iii. সমাজকর্মের জ্ঞান, মূল্যবোধ, নীতি এবং কৌশলগুলোর পেশাগত প্রয়োগ ক্ষমতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২১. ★ মানবসমাজের আদিমতম মৌলিক সামাজিক প্রতিষ্ঠান কোনটি?
ক) ধর্মীয় প্রতিষ্ঠান  খ) পরিবার
গ) খেলার মাঠ  ঘ) শিক্ষা প্রতিষ্ঠান

২২. 'Legislation' শব্দটির অর্থ কী?
ক) প্রণীত আইনসমূহ  খ) আইন
গ) রাষ্ট্রীয় আইন  ঘ) আইন প্রণেতা

২৩. ★ 'Rapport' বলতে সমাজকর্মে কী বোঝায়?
ক) সমাজকর্মীর দায়িত্ব
খ) সমাজকর্মীর সীমাবদ্ধতা
গ) সমাজকর্মী ও সাহায্যার্থীর পেশাগত সম্পর্ক
ঘ) মাঠকর্মী ও একাডেমিক তত্ত্বাবধায়কের দায়িত্ব

২৪. সংক্রামক রোগ কোনটি?
ক) ডায়রিয়া  খ) ক্যানসার
গ) এইড্স  ঘ) টাইফয়েড

২৫. 'Society' নামক গ্রন্থের রচয়িতা কে?
ক) অগাস্ট কোঁৎ  খ) ম্যাকাইভার ও পেজ
গ) জিসবার্ট  ঘ) জারট্রুড উইলসন

২৬. ★ যৌতুক নিরোধ আইন মোতাবেক কত টাকা উপঢৌকন যৌতুক বলে গণ্য হবে না?
ক) ৫০০ টাকা  খ) ১০০০ টাকা
গ) ১৫০০ টাকা  ঘ) ২০০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
বিয়ের সময় রুনার বাবা পাত্রপক্ষকে পঞ্চাশ হাজার টাকা দেন। কিছু দিন পর শ্বশুরবাড়ির লোকজন আরও টাকার জন্য তাকে চাপ দেয়। রুনার বাবা টাকা দিতে না পারলে তারা রুনার উপর শারীরিক ও মানসিক নির্যাতন চালায়।

২৭. উদ্দীপকে উল্লেখিত ঘটনার বিচার কোন আইনের আওতায় করা সম্ভব?
ক) মুসলিম পারিবারিক আইন, ১৯৬১
খ) যৌতুক নিরোধ আইন, ১৯৮০
গ) নারী নির্যাতন (নিবর্তক শাস্তি) অধ্যাদেশ, ১৯৮৩
ঘ) নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) আইন, ২০০৩

২৮. উক্ত আইনের প্রেক্ষিতে রুনার স্বামীর শাস্তি হবে—
i. সর্বোচ্চ ১০ বছর মেয়াদী কারাদণ্ড
ii. সর্বোচ্চ ৫ বছর মেয়াদী কারাদণ্ড
iii. অর্থ জরিমানা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৯. ★ বাংলাদেশে চিকিৎসা সমাজকর্মের প্রয়োগ প্রথম শুরু হয় কোথায়?
ক) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে
খ) মিটফোর্ড মেডিকেল কলেজ হাসপাতালে
গ) বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে
ঘ) ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে

৩০. কত সালে ব্র্যাক প্রতিষ্ঠা করা হয়?
ক) ১৯৭১  খ) ১৯৭২
গ) ১৯৭৬  ঘ) ১৯৭৭

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com